

ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধে জরুরী স্বাস্থ্য বার্তা

ডেঙ্গু ও চিকুনগুনিয়া ভাইরাসজনিত জ্বর, যা এডিস মশার মাধ্যমে ছড়ায়। সাধারণ চিকিৎসাতেই ডেঙ্গু ও চিকুনগুনিয়া সেরে যায়। এডিস মসার বংশবৃদ্ধি রোধের মাধ্যমে ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগ প্রতিরোধ করা যায়।

ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধে করণীয়:

- আপনার ঘরে এবং আশেপাশে যে কোন পাত্রে বা জায়গায় জমে থাকা পানি তিন দিন পর পর ফেলে দিতে হবে।
- ব্যবহৃত পাত্রের গায়ে লেগে থাকা মশার ডিম অপসারণে পাত্রটি ঘষে ঘষে পরিষ্কার রাখতে হবে।
- অব্যবহৃত পানির পাত্র বিনষ্ট অথবা উল্টে রাখতে হবে, যাতে পানি না জমে।
- দিনে অথবা রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারি ব্যবহার করতে হবে।
- সম্ভব হলে জানালা এবং দরজায় মশা প্রতিরোধক নেট লাগানো, যাতে ঘরে মশা প্রবেশ করতে না পারে।
- ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগে আতঙ্ক নয়, সময়মতো সুচিকিৎসায় ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগ ভালো হয়।
- ডেঙ্গু ও চিকুনগুনিয়া হলে নিকটস্থ স্বাস্থ্য কেন্দ্র/হাসপাতালে যোগাযোগ করুন।

প্রচারে- জেলা তথ্য অফিস, নড়াইল।